# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)
৮, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা।
www.icb.gov.bd

## হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

স্মারক নং-৫৩.১৩.০০০০.০০৯.১৭.০০২.২৬/৩৭৬ তারিখ: ০১.০৫.২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এর জন্য নিম্নোক্ত শর্তে ০১ (এক) জন **খন্ডকালীন মেডিকেল রিটেইনার (পুরুষ)** নিয়োগের জন্য পুরুষ প্রার্থীগণের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রম. | পদের নাম | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | মেডিকেল রিটেইনার | সর্বোচ্চ ৬২ বছর | ক) চিকিৎসা কাজে কমপক্ষে ০৭ বছরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক স্বীকৃত মেডিকেল কলেজ হতে ন্যূনতম এমবিবিএস ডিগ্রীধারী হতে হবে। মেডিসিন বিষয়ে এফসিপিএস/এমআরসিপি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। এছাড়া, অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতার শর্ত শিথিলযোগ্য; এবং<br>খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদ থাকতে হবে। |

**শর্তসমূহ:**

| | |
|---|---|
| ১) | ক. মাসিক রিটেইনার ফি ৪৫,০০০ (পঁয়তাল্লিশ হাজার) টাকা; মাসিক রিটেইনার ফি'র ৫০% হারে দুই ঈদে উৎসব বোনাস এবং মাসিক রিটেইনার ফি'র ২০% হারে পহেলা বৈশাখ উপলক্ষ্যে নববর্ষ ভাতা প্রদান করা হবে;<br>খ. সপ্তাহের প্রতি কার্যদিবসে দুপুর ০২:০০ ঘটিকা হতে সন্ধ্যা ০৬:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত কার্যালয়ে উপস্থিত থেকে চিকিৎসা সেবা প্রদান করতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;<br>গ. প্রয়োজনে কর্মচারীবৃন্দ এবং তাঁদের পরিবারের সদস্যগণকে মেডিকেল রিটেইনার তাঁর ব্যক্তিগত চেম্বারে চিকিৎসা সেবা প্রদান করবেন এবং এ বাবদ প্রতি ভিজিটের জন্য তিনি ২৫০.০০ টাকা ফি প্রাপ্য হবেন;<br>ঘ. প্রতি পঞ্জিকাবর্ষে সর্বোচ্চ ১০ (দশ) দিনের নৈমিত্তিক ছুটি ভোগ করতে পারবেন;<br>ঙ. নিয়োগের মেয়াদ ০১ (এক) বছর যা শেষ হওয়ার পর নবায়নযোগ্য; এবং<br>চ. রিটেইনারশীপ উভয়পক্ষের ০১ (এক) মাসের নোটিশে বাতিল করা যাবে। |
| ০২) | আগ্রহী পুরুষ প্রার্থীগণকে পূর্ণ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্রের সাথে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের কপি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদসহ সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি এবং আনুষঙ্গিক কাগজপত্র আগামী ১১.০৬.২০২৬ তারিখের মধ্যে **উপ-মহাব্যবস্থাপক, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল#১৪), ৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০** বরাবর ডাকযোগে/কুরিয়ার/সরাসরি জমা প্রদান করার জন্য অনুরোধ জানানো হলো। |

**(আব্দুল্লাহ আল মামুন)**
উপ-মহাব্যবস্থাপক
অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন
ফোন: ০২৪১০৫৪৬০২
০৯৬৬৬৭৭৭৭৭৮ এক্স. ১৪১৩